গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয় — জরুরি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

এসিআর শাখা

www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০..০৪৫.২১.০০২.১৭.২০৩ — তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬

২৩ জুলাই ২০১৯

বিষয়: **প্রযোজ্য সকল বার্ষিক/আংশিক এসিআর যথাসময়ে যথানিয়মে দাখিল ও অপ্রযোজ্যতার তথ্য অবহিতকরণ**

সূত্র: স্মারক নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬.৫৮, তারিখ : ১০ জুন ২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রে এসিআর অনুশাসনমালা, ২০১২ এর নিম্নোক্ত নির্দেশনাসহ সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়েছেঃ

(১) অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক ৩১ মার্চ এর মধ্যে পূর্ববর্তী বছরের এসিআর দাখিল, অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক ৩০ এপ্রিলের মধ্যে অনুস্বাক্ষরপূর্বক অগ্রায়ন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক ৩১ মে'র মধ্যে প্রতিস্বাক্ষরপূর্বক আবশ্যিকভাবে স্ব স্ব ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ করতে হবে (২০১৮ সনের ১৩ মার্চ তারিখের ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬-১৬ নং পরিপত্র)।

(২) কোন কর্মস্থলে বা কোন অনুবেদনকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ মাস হওয়ার পর কর্মস্থল পরিবর্তন বা অনুবেদনকারী কর্মকর্তা পরিবর্তন হলে অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক উক্ত সময়ের জন্য গোপনীয় অনুবেদন দাখিল বাধ্যতামূলক (অনু: ১.৪.২)।

(৩) কোন বৎসর/সময়ে অনুবেদনকারী কর্মকর্তা একাধিক হলে সেক্ষেত্রে কারও নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ মাস না হলে এবং এক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ মাস হলে আবশ্যিকভাবে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে (অনু: ২.৪.৪)।

(৪) যথাযথ অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে (অনু: ২.৩)।

(৫) কোন বৎসর/সময়ের এসিআর প্রযোজ্য না হলে প্রমাণকসহ লিখিতভাবে যথাসময়ে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে (অনু: ২.৭)।

(৬) যথাসময়ে যথানিয়মে এসিআর দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর না করা সংশ্লিষ্ট কর্মকর্তার অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে (অনু: ১.৭.২)।

০২। এমতাবস্থায়, তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট সকলকে এসিআর অনুশাসনমালা, ২০১২ এর উল্লিখিত নির্দেশনাসহ সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা।

২৩-৭-২০১৯

কানাই লাল শীল

সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ফোন: +৮৮০২-৯৫৪০২০৮

১) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর
২) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৩) সদস্য, কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড
৪) সদস্য, শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৫) সদস্য, শুল্ক রপ্তানী, বন্ড ও আইটি, জাতীয় রাজস্ব বোর্ড
৬) সদস্য, শুল্ক নীতি, জাতীয় রাজস্ব বোর্ড
৭) সদস্য, শুল্ক নিরীক্ষা অধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য, জাতীয় রাজস্ব বোর্ড
৮) সদস্য, ভ্যাট নীতি, জাতীয় রাজস্ব বোর্ড
৯) সদস্য, ভ্যাট, বাস্তবায়ন ও আইটি, জাতীয় রাজস্ব বোর্ড
১০) সদস্য, কর আপীল ও অব্যাহতি, জাতীয় রাজস্ব বোর্ড
১১) সদস্য, কর জারিপ ও পরিদর্শন, জাতীয় রাজস্ব বোর্ড
১২) সদস্য, কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা, জাতীয় রাজস্ব বোর্ড
১৩) সদস্য, অডিট ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন, জাতীয় রাজস্ব বোর্ড
১৪) সদস্য, কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট, জাতীয় রাজস্ব বোর্ড
১৫) কর কমিশনার (সকল), কর অঞ্চল/কর আপীল অঞ্চল ..................................
১৬) কাস্টমস কমিশনার (সকল), কাস্টমস হাউস/কমিশনারেট .......................................
১৭) উপপ্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১৮) সিনিয়র সহকারী সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১৯) সহকারী সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
২০) অতিরিক্ত সচিব (সকল) , অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২১) যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২২) উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০..০৪৫.২১.০০২.১৭.২০৩/১

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব, সিআর-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়



২৩-৭-২০১৯
কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব